গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০১৫.০০১.০২.০৩.০২৫.২০১২-

তারিখঃ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
আগস্ট ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৩২১.১৬.০১৫.১৭-৩০৮, তারিখ: ০৭ জুন ২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুত করে প্রতিবেদনের Hard copy (দুই সেট), soft copy এবং গুরুত্বপূর্ণ কার্যাবলীর ছবি এবং ভিডিও ক্লিপ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১। প্রতিবেদনের Hard copy (দুই সেট)।
২। প্রতিবেদনের soft copy এবং ভিডিও ক্লিপ
৩। গুরুত্বপূর্ণ কার্যাবলীর ছবি-

(ড. আব্দুল আলীম খান)
উপসচিব
ফোনঃ ৯৫১২২৩১

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, রিপোর্ট শাখা।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে):

১। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয, ঢাকা।
৩। অফিস কপি/মাষ্টার ফাইল।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় আওতাধীন অধিদপ্তর/ সংস্থার সংখ্যাঃ ১২টি

প্রতিবেদনাধীন বছরঃ ২০১৬-২০১৭ প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ০৭ আগস্ট ২০১৭

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট) :

| সংস্থার নাম | অনুমোদিত পদ* | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ১৮৫ | ১২৪ | ৬১ | ০৮ | |
| মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহ সংযুক্ত অফিস (মোট সংখ্যা) ১১টি | ১১,৯৩৫ | ৮,৮৪১ | ৩,০৯৪ | ৩,৭০৮ | |
| মোট | ১২,১২০ | ৮,৯৬৫ | ৩,১৫৫ | ৩,৭১৬ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূণ্য পদের বিন্যাসঃ

| যুগ্ম সচিব/ তদূর্দ্ধ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| - | ০২ | ৪০৩ | ৬৬৭ | ১৩৩৩ | ৭৫০ | ৩,১৫৫ | |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকাঃ নেই

১.৪ শূণ্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ

রাজউকঃ অর্থ মন্ত্রণালয় কর্তৃক বেতন স্কেল সুপারিশ না করায় কিছু পদে পদোন্নতি দেয়া যাচ্ছে না এবং মামলার কারণে কিছু পদে নিয়োগ দেয়া যাচ্ছে না।

কউকঃ নবসৃজিত কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের জনবলের সাংগঠনিক কাঠামো অনুমোদনের প্রক্রিয়াধীন। সাংগঠনিক কাঠামো অনুমোদন না হওয়ায় উক্ত কর্তৃপক্ষে এখনো প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া সম্ভব হচ্ছে না। তবে কর্তৃপক্ষের কাজের প্রয়োজনে প্রেষণে কর্মকর্তা/কর্মচারী পদায়নের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

১.৫ অন্যান্য পদের তথ্যঃ

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| - | - |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদানঃ

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১৬৬ | ৭৯ | ২৪৫ | ১২৫ | ০২ | ১২৭ | ক) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে ০৩ জন কর্মকর্তা ও ০৪ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br>খ) গণপূর্ত অধিদপ্তরে ১৬০ জন কর্মকর্তা ও ৬৮ জন কর্মচারীকে পদোন্নতি এবং ১১৯ জন কর্মকর্তা নতুন নিয়োগ প্রদান করা হয়েছে।<br>গ) স্থাপত্য অধিদপ্তরে ০২জন কর্মকর্তা এবং ০৭ জন কর্মচারীকে পদোন্নতি এবং ০১ জন কর্মকর্তা নতুন নিয়োগ প্রদান করা হয়েছে।<br>ঘ) নগর উন্নয়ন অধিদপ্তরে ০১ জন কর্মকর্তাকে পদোন্নতি এবং ০৫ জন কর্মকর্তা ও ০২ জন কর্মচারীকে নতুন নিয়োগ প্রদান করা হয়েছে। |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে) :

| ভ্রমণ/ পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ১৮৩ | - | ৩৩ | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |
| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | ১২৫ | - | ১৮ | - |
| মোট | ৩০৮ | - | ৫১ | |

১.৮ ভ্রমণ/ পরিদর্শন (বিদেশে):

| | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | ২৯ | - | ০৪ | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যাঃ নাই ।

(২) অডিট আপত্তি:

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬-৩০ জুন ২০১৭ পর্যন্ত):

(টাকার অংক কোটি টাকায় প্রদান করতে হবে)

| মন্ত্রণালয়/সংস্থার নাম | অডিট আপত্তি | | ব্রডশীট জবাবের সংখ্যা | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমাণ | | সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| গণপূর্ত অধিদপ্তর | ৩৭৭ | ১১৭৪১১.০১ | ৬৮৩ | ১৮৬ | ২৩৮৪৫.২৪ | ১০৫২১ | ৯০৩১২৯.১৬ |
| স্থাপত্য অধিদপ্তর | - | - | ১৬ | ১১ | ০.৬১ | ০৫ | ০.৪০ |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | - | - | ১১৭৯ | ১৪ | ১৩৬৯০.১১ | ১১৮১ | ১৭১৮২৬.৭৫ |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ০১ | ০.৫৫ | ০৪ | ০৪ | ৫৯২.৭০ | - | - |
| সরকারি আবাসন পরিদপ্তর | ১০ | ৭৩.০০ | ২৩৬ | ১০ | ১৬.৬২ | ৩৯১ | ৪০৯৯.৫৩ |
| এইচ,বি,আর,আই | ০৮ | ৩.০০ | ১৮২ | ০৩ | ০.১০ | ১৮২ | ১৯৮.৫১ |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | - | ১৫ | ৯১০৪.৭৭ | ১০১৮ | ৮৪৩৮৪৪.৫০ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১৮ | ১১৮৮৩.২২ | ২৩১ | ৪৬ | ১৪৫৩১.৮০ | ২৩১ | ৩৮৮২২.২৭ |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৩২ | ২১ | ৩০০৪.১০ | ১২৮ | ৯৭৬৮.৯৩ |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৪৫ | ২৯ | ১৬০৫.৮৭ | ১৪৫ | ৭৩৩২.৮৪ |
| মোট | ৪১৪ | ১২৯৩৭০.৭৮ | ২৮০৮ | ৩৩৯ | ৬৬৩৯১.৯২ | ১৩৮০২ | ১৯৭৯০২২.৮৯ |
| অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | ৭৮২ | ৭৭৫০৫.৩২ | ৪১৩৪ | ৩৪২৪ | ৪৭২১৮.১৪ | ১১১২৭ | ৬৪২৭৭.৭৩ |
| সর্বমোট | ১১৯৬ | ২০৬৮৭৬.১০ | ৬৯৪২ | ৩৭৬৩ | ১১৩৬১০.০৬ | ২৪৯২৯ | ২০৪৩৩০০.৬২ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোনো জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেস সমূহের তালিকাঃ নাই।

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা :

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০১৬-২০১৭) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহ পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকুরিচ্যুত/ বরখাস্থ | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০৫ | - | - | ০২ | ০২ | ০৩ |
| গণপূর্ত অধিদপ্তর | ৭৮ | ০৯ | ১৩ | ০৮ | ৩০ | ৪৮ |
| স্থাপত্য অধিদপ্তর | ০৪ | ০২ | - | - | ০২ | ০২ |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ৫০ | ০৪ | ১১ | ১০ | ২৫ | ২৫ |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ০৮ | - | ০১ | - | ০১ | ০৭ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ০৪ | ০১ | - | ০৩ | ০৪ | - |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ০৩ | - | ০১ | ০১ | ০২ | ০১ |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০২ | ০২ | - | - | ০২ | - |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | - | - | - | - |
| নগর উন্নয়ন অধিদপ্তর | - | - | - | - | - | - |
| *এইচবিআরআই* | - | - | - | - | - | - |
| সরকারি আবাসন পরিদপ্তর | ১১ | - | - | ০১ | ০১ | ১০ |
| *অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর* | - | - | - | - | - | - |
| মোট | ১৬৫ | ১৮ | ২৬ | ২৫ | ৬৯ | ৯৬ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

| দপ্তর/সংস্থা | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/ আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - | ২৫৩ | - | ২৫৩ | ৫৯ |
| গণপূর্ত অধিদপ্তর | ২৭ | ২৪ | ০৩ | ৫৪ | ৩০ |
| স্থাপত্য অধিদপ্তর | - | - | - | - | - |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | - | ৪৭৭ | - | ৪৭৭ | ১০ |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ০২ | ১১০ | ০১ | ১১৩ | ৫৪ |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১৩ | ২৯ | ১৮ | ৬০ | ৩৭ |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | - | ০৯ | - | ০৯ | ০৯ |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৬ | ১০ | ০১ | ১৭ | ০৩ |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | - | - | - |
| নগর উন্নয়ন অধিদপ্তর | - | - | - | - | - |
| *এইচবিআরআই* | - | *০৪* | - | *০৪* | - |
| সরকারি আবাসন পরিদপ্তর | - | ০৯ | - | ০৯ | ০২ |
| *অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর* | - | - | - | - | - |
| মোট | ৪৮ | ৯২৫ | ২৩ | ৯৯৬ | ১৯৪ |

(৫) মানবসম্পদ উন্নয়নঃ

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

| দপ্তর/সংস্থা | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| গণপূর্ত অধিদপ্তর | ৬৫ টি | ২২৩৫ জন |
| স্থাপত্য অধিদপ্তর | ১২ টি | ১৯ জন |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৭ টি | ১৪৯ জন |
| জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ০১ টি | ৫০ জন |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১৪ টি | ১৪ জন |
| খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ০৪ টি | ১৯ জন |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০২ টি | ০৭ জন |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ০১ টি | ১২ জন |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ৩৩ টি | ৬৩ জন |
| *এইচবিআরআই* | - | - |
| সরকারি আবাসন পরিদপ্তর | ০৮ টি | ১৮ জন |
| *অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর* | - | - |
| মোট | ১৪৭ টি | ২,৫৮৬ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে (০১ জুলাই ২০১৬- ৩০ জুন ২০১৭ পর্যন্ত) কোন ইন হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: -

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ নাই।

৫.৪ মন্ত্রণালয়ে অন দ্যা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; থাকলে অন দ্যা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: অন দ্যা জব ট্রেনিং-এর ব্যবস্থা আছে ।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৬- ৩০ জুন ২০১৭ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ৯৭ জন ।

(ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ-১১ জন; (খ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ- ০৬ জন; (গ) গণপূর্ত অধিদপ্তর- ৫০ জন; (ঘ) স্থাপত্য অধিদপ্তর- ১০ জন; (ঙ) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ- ০৩ জন; (চ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ-০৬ জন; (ছ) নগর উন্নয়ন অধিদপ্তর- ১১ জন।

(৬) সেমিনার/ ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

| দেশের অভ্যন্তরে সেমিনার/ ওয়ার্কশপের সংখ্যা | | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|---|
| গণপূর্ত অধিদপ্তর | ০২ টি | ০২ জন |
| স্থাপত্য অধিদপ্তর | ০২ টি | ০৩ জন |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ০৪ টি | ১০ জন |
| রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ০১ টি | ০৩ জন |
| কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ১০ টি | ১৫০০ জন |
| নগর উন্নয়ন অধিদপ্তর | ০৮ টি | ২৫০০ জন |
| *এইচবিআরআই* | *১১ টি* | *৬৩০ জন* |
| সরকারি আবাসন পরিদপ্তর | ০৩ টি | ০৮ জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN ) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মকর্তা | কর্মচারী |
| (ক) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ৬৭ টি | আছে | নেই | নেই | ৪৫ | ৩৬ |
| (খ) গণপূর্ত অধিদপ্তর | ৪৫০ টি | আছে | আছে | নেই | ৩২৯ | ২১৯ |
| (গ) স্থাপত্য অধিদপ্তর | ১৬৩ টি | আছে | নেই | আছে | ৪৯ | ৬৬ |
| (ঘ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ৩০০ টি | আছে | আছে | আছে | ২০৬ | ৩০০ |
| (ঙ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১২৫ টি | আছে | আছে | আছে | ৬৫ | ১২০ |
| (চ) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ৮০ টি | আছে | আছে | আছে | ৩৫ | ৩০ |
| (ছ) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ৫৮ টি | আছে | আছে | নেই | ২২ | ৭৬ |
| (জ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ২৯ টি | আছে | নেই | আছে | ১৫ | ২৫ |
| (ঝ) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | ১২ টি | আছে | নেই | নেই | ০৬ | ০৬ |
| (ঞ) নগর উন্নয়ন অধিদপ্তর | ৩৩ টি | আছে | নেই | নেই | - | ০৬ |
| *(ট) এইচ,বি,আর,আই* | *২৩ টি* | *আছে* | *আছে* | *নেই* | *২৭* | *১৫* |
| (ঠ) সরকারি আবাসন পরিদপ্তর | ১৮ টি | আছে | নেই | নেই | ১২ | ৩৮ |
| *(ড) অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর* | - | - | - | - | - | - |

(৯) প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা সংকটঃ

৯.১ প্রতিবেদনাধীন বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা:

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ঃ জাতীয় গৃহায়ন নীতিমালা গেজেট আকারে প্রকাশ করা হয়েছে।

৯.২ প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডঃ

১) <u>আবাসন সমস্যা সমাধানে প্লট উন্নয়ন ও ফ্ল্যাট নির্মাণ:</u>

- ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য ৫৯৭৬ বর্গফুট বিশিষ্ট ১০ টি ফ্ল্যাট নির্মাণ এবং ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য ৩৪৫০ বর্গফুটের ১১৪ টি ফ্ল্যাট নির্মাণ কাজ চলমান আছে।
- "সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য ২০তলা ভবনে ৩,৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৭৬টি ফ্ল্যাট নির্মাণ" ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক "জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজ জুন, ২০১৭-এ সমাপ্ত হয়েছে।
- ঢাকা শহরে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারিদের আবাসন সংকট নিরসনে গণপূর্ত অধিদপ্তর ঢাকার আজিমপুর সরকারি কলোনি, মতিঝিল সরকারি কলোনি, ঢাকার মিরপুর ৬ নম্বর সেকশন, মিরপুর পাইকপাড়া, মালিবাগ, ইস্কাটন ও নারায়ণগঞ্জের আলীনগরে ১২ টি প্রকল্পের আওতায় ৫২৮৬ (পাঁচ হাজার দুইশত ছিয়াশি) টি ফ্ল্যাট নির্মাণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যার মধ্যে গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি এবং চট্টগ্রাম শহরে ১৫টি পরিত্যাক্ত সম্পত্তিতে বাস্তবায়নাধীন ২টি প্রকল্প অন্তর্ভূক্ত আছে। চট্রগ্রাম শহরে পরিত্যক্ত বাড়ীতে বাস্তবায়নাধীন প্রকল্পে ৫৭৬টি আবাসিক ফ্ল্যাট নির্মাণের পাশাপাশি ৬৪টি ডরমেটরি রয়েছে।
- ঢাকার মোহাম্মদপুর স্যার সৈয়দ রোডে গণপূর্ত অধিদপ্তর ১৪/৩৫ নম্বর পরিত্যাক্ত বাড়িতে সরকারি কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট এবং ১৩/৬ পরিত্যাক্ত বাড়িতে ১,৫০০ বর্গফুটের ২৮টি ফ্ল্যাট নির্মাণ করেছে।
- স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যার সমাধানকল্পে উত্তরা তৃতীয় পর্বের ১৮ নম্বর সেক্টরে এপার্টমেন্ট প্রকল্পের আওতায় ২১০.৯৩ একর জমিতে 'এ' ব্লকে বিভিন্ন আয়তনের ৬৬৩৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে। 'বি' ও 'সি' ব্লকে ৮৪০০টি এপার্টমেন্ট নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- রাজউকের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন পূর্বাচল নতুন শহর, উত্তরা তৃতীয় পর্ব এবং ঝিলমিল প্রকল্পে বরাদ্দগ্রহীতাদের মধ্যে এ পর্যন্ত প্রায় ২২ হাজার প্লট হস্তান্তর করা হয়েছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ৪১ টি প্রকল্পের মাধ্যমে ঢাকা, চট্টগ্রাম মহানগরীসহ সারাদেশে আবাসিক প্লট ও ফ্ল্যাট উন্নয়ন ও নির্মাণের কাজ করছে।
- চট্টগ্রাম মহানগরীতে অনন্যা আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় ১৭৩৩ টি প্লট নির্মাণের কাজ সমাপ্তির পর্যায়ে।
- খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ খুলনা ও রাজশাহীতে ১ হাজার ১৫৯টি আবাসিক প্লটের উন্নয়ন কাজ বাস্তবায়ন করছে।

## ২) যানজট নিরসনে অবকাঠামো উন্নয়ন:

- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) পূর্বাচল নতুন শহর প্রকল্পের আওতায় প্রায় ১৩ কিলোমিটার দীর্ঘ পূর্বাচল সংযোগ সড়ক নির্মাণ করেছে।
- রাজউক ঢাকার সৌন্দর্যবর্ধন, জলাবদ্ধতা নিরসন, পানি ও পয়ঃনিষ্কাশন, ব্যবস্থার উন্নয়নে বেগুনবাড়ি খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্পের আওতায় ৮.৮ কিলোমিটার সার্ভিস সড়ক, ৮ কিলোমিটার এক্সপ্রেসওয়ে, ৯.৮০ কিলোমিটার ওয়াকওয়ে, ৪৭৭.২৫ মিটর দীর্ঘ ৪টি ব্রিজ, ৪০০ মিটর দীর্ঘ ৪টি ওভারপাস, ১০.৪০ কিলোমিটার মেইন ডাইভারশন স্যুয়োরেজ লাইন ও ৭.৭০ কিলোমিটার লোকাল ডাইভারশন স্যুয়োরেজ লাইন নির্মাণ করেছে।
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনকল্পে অক্সিজেন থেকে কোয়াইশ পর্যন্ত ৬.০০ কিলোমিটার সড়ক উন্নয়ন কাজ সম্পন্ন করেছে ।
- চউক ১৫.২০ কিলোমিটার দীর্ঘ চট্টগ্রাম সিটি আউটার রিং রোড, ৬ কিলোমিটার দীর্ঘ লুপ রোড, মুরাদপুর ২নং গেইট ও জিইসি জংশনে ৫.২০ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণ করছে।
- চট্টগ্রাম মহানগরীর যানজট সমস্যা নিরসণে বারেক বিল্ডিং হতে কাঠগড় পর্যন্ত ৮.৫ কিলোমিটার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ খুলনা-যশোর মহাসড়ক ও সিটি বাইপাস সড়কের মধ্যে ২টি সংযোগ সড়কের আওতায় ৩.২৭ কিলোমিটার রাস্তা নির্মাণ করেছে এবং খুলনা শিপইয়ার্ড রাস্তা প্রশস্ত ও উন্নয়ন কাজ বাস্তবায়ন করছে।
- কোর্ট এলাকা থেকে রাজশাহী বাইপাস পর্যন্ত এবং নাটোর রোড (রুয়েট) থেকে বাইপাস পর্যন্ত ৪ লেন বিশিষ্ট ৭.২৫ কিলোমিটার রাস্তার প্রশস্তকরণ কাজ শেষ পর্যায়ে রয়েছে।

## ৩) সৌন্দর্যবর্ধন, জলাবদ্ধতা নিরসন ও পয়ঃনিস্কাশন:

- প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ, পানিধারণ ক্ষমতা বৃদ্ধি এবং অবৈধ দখল মুক্ত করে সৌন্দর্যবর্ধন ও বিনোদনমূলক কর্মকান্ডের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গুলশান-বনানী-বারিধারা লেকে এবং উত্তরা লেকের উন্নয়ন কাজ চলছে।
- কুড়িল-পূর্বাচল লিংকরোডের উভয় পার্শ্বে কুড়িল থেকে বালুনদী পর্যন্ত ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিকুঞ্জ, বারিধারা, জোয়ারসাহারা, ডিওএইচএচ, সেনানিবাস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কালাচাঁদপুর ও সংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনসহ ঢাকা মহানগরীর Water body and Land ratio ঠিক রেখে পানি সংরক্ষণ ও গ্রাউন্ডওয়াটার রিচার্জিং ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

## ৪) নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন

- ময়মনসিংহ শহর ও সংলগ্ন এলাকা এবং দেশের ১৪টি উপজেলার মহাপরিকল্পনা প্রণয়ন সমাপ্তির পথে।
- বেনাপল-যশোর পর্যন্ত হাইওয়ে করিডোর এলাকার এ্যাকশন এরিয়া প্ল্যানের কাজ চলছে। এছাড়া কম্প্রিহেনসিভ ডেভেলপমেন্ট প্ল্যান অব দি হোল কন্ট্রি এবং রংপুর ও কুষ্টিয়া এলাকার মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- ঢাকার বিদ্যমান ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) রিভিউ করে আরো বাস্তবসম্মত, সময়োপযোগী করে ২০১৬-২০৩৫ মেয়াদি পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে।

## ৫) পিপিপি'র আওতায় উন্নয়ন প্রকল্প

- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ শান্তিনগর থেকে চতুর্থ বুড়িগঙ্গা ব্রিজ হয়ে ঢাকা মাওয়া রোডে ঝিলমিল আবাসিক প্রকল্প পর্যন্ত ১৩.৩২ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মিরপুর ৯ নম্বর সেকশনে স্যাটেলাইট টাউন নির্মাণ, চট্টগ্রামের জিইসি মোড়ে বহুতল ভবন (বাণিজ্যিক, আবাসিক ও অফিস) নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে।
- রাজউক পূর্বাচল নতুন শহর প্রকল্পের পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও ড্রেনেজ ব্যবস্থা বাস্তবায়ন, ঝিলমিল আবাসিক প্রকল্পে বহুতল আবাসিক ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পসমূহ পিপিপি'র আওতায় বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

## ৬) বিবিধ

- পরিবেশ বান্ধব, নিরাপদ ও ঝুঁকিমুক্ত ইমারত নির্মাণের লক্ষ্যে Bangladesh National Building Code সংশোধনপূর্বক যুগোপযোগীকরণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- পরিবেশবান্ধব ও লাগসই প্রযুক্তি আবিষ্কারের জন্য গ্রামীণ গৃহায়নে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহার, ইটের বিকল্প উদ্ভাধন এবং প্রাকৃতিক দুর্যোগ সহনীয় বাড়ি নির্মাণ প্রযুক্তির বিষয়ে গবেষণা কার্যক্রম চলছে।
- ডিপ্লোমা প্রকৌশলীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও গবেষণা সক্ষমতা বৃদ্ধিসহ আইডিইবি ভবন কমপ্লেক্স এর উপযোগিতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পটির কাজ সমাপ্ত হয়েছে।
- অনলাইনভিত্তিক সেবার মান বৃদ্ধির মাধ্যমে জনগণের নিকট সহজে সেবা পৌঁছানোর জন্য ডিজিটাল আর্কাইভস এন্ড ম্যানেজম্যান্ট সফটওয়্যার নির্মাণ প্রকল্পের কাজ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাপ্ত করা হয়েছে।

৯.৩ **২০১৬-২০১৭** অর্থ বছরে মন্ত্রণালয়ের কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশংকা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণঃ পদ সৃষ্টি, শূণ্য পদ পূরণ ইত্যাদি): প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :

১০.১ ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি ?
সন্তোষজনক ভাবে সাধিত হয়েছে ।

১০.২ উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয় ।

১০.৩ মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:

(১৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্তঃ

১৪.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত (অংক ও কথায় ) (২০১৬-২০১৭) :

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায় ) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার । | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| মোট প্রকল্প-৯৮<br>নতুন প্রকল্প-১৯ টি | এডিপি ৩৮৯২.৩৩<br>(আরএডিপি) | ৪৭০৫.৯৪<br>(১২০.৯০%) | ১২ টি |

১৪.২ প্রকল্পের অবস্থাঃ

| প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|
| ১। প্রশিক্ষণ ও গবেষণা সক্ষমতা বৃদ্ধিসহ আইডিইবি ভবন কমপ্লেক্স এর উপযোগিতা বৃদ্ধিকরণ | - | - |
| ২। ডিজিটাল আর্কাইভস এন্ড ম্যানেজম্যান্ট সফটওয়্যার নির্মাণ | - | - |

১৪.৩ জিডিপি প্রবৃদ্ধির হারঃ প্রযোজ্য নয়।

১৪.৪ মাথাপিছু আয় (মার্কিন ডলারে): প্রযোজ্য নয়।

১৭.০ অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০১৬-২০১৭) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০১৬-২০১৭) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি:

অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের আওতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে জিওবি ও বৈদেশিক সাহায্য অর্থায়নে ৪৩টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। আলোচ্য প্রকল্পসমূহের বিপরীতে ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থ ৪০১৬.৫০ কোটি টাকা। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৩৯৫৭.৫৫ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক অগ্রগতি ৯৮.৫৩%। এছাড়া সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে ৬০টি প্রকল্প বাস্তবায়ন করা হয়। প্রকল্পসমূহের বিপরীতে সংশ্লিষ্ট অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থ ২১৪৭.৪২ কোটি টাকা। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ২২১০.৫১ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক অগ্রগতি ১০২.৯৩%। জিওবি ও বৈদেশিক সাহায্যপুষ্ট এবং স্ব-অর্থায়নভুক্ত প্রকল্পসমূহ মিলিয়ে মন্ত্রণালয়ের সার্বিক আর্থিক অগ্রগতি ১০০.০৭%। অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের আওতাধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হচ্ছে-

| | |
|---|---|
| (১) | ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রী বর্গের জন্য আবাসিক ভবন নির্মাণ (মিনিস্টার্স এপার্টমেন্ট-৩ নির্মাণ , |
| (২) | সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য সুউচ্চ আবাসিক ভবন নির্মাণ, |
| (৩) | ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড-১ কর্মকর্তাদের জন্য ৩টি ২০ তলা ভবনে ১১৪ টি ফ্ল্যাট নির্মাণ, |
| (৪) | শের-ই-বাংলা নগরে জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ; |
| (৫) | ঢাকার আজিমপুরে সরকারী কলোনীতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ, |
| (৬) | মতিঝিল সরকারী কলোনীতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ, |
| (৭) | ঢাকাস্থ মিরপুর ৬ নং সেকশনে সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ১০৬৪ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ, |
| (৮) | ঢাকাস্থ মিরপুর পাইকপাড়ায় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জন্য ৬০৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ, |
| (৯) | ঢাকার মালিবাগে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪৫৬টি ফ্ল্যাট নির্মাণ, |
| (১০) | মিরপুর ৬ নং সেকশনে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের জন্য ২৮৮ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ, |
| (১১) | মাদারীপুরে সরকারি অফিসসমূহের জন্য বহুতল ভবন নির্মাণ, |
| (১২) | জাতীয় সংসদ ভবনের পূর্ত কাজ, বৈদ্যুতিক ও যান্ত্রিক সিস্টেম এর উন্নয়ন, |
| (১৩) | নগরাঞ্চালের ভবন সুরক্ষা প্রকল্প। |

| | |
|---|---|
| (১৪) | ঢাকার আজিমপুরে জুডিসিয়াল কর্মকর্তাদের আবাসিক ভবন নির্মাণ। |
| (১৫) | ঢাকা শহরে গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যাক্ত বাড়িতে ৩৯৮টি সরকারি আবাসিক ফ্ল্যাট নির্মাণ। |
| (১৬) | ঢাকার মোহাম্মদপুর হাউজিং এস্টেটের ''এফ'' ব্লকে ১০২০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ; |
| (১৭) | চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক পস্নট উন্নয়ন প্রকল্প, |
| (১৮) | নোয়াখালীর মাইজদীতে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক পস্নট উন্নয়ন প্রকল্প, |
| (১৯) | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কের পাশে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইটস্ এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প, |
| (২০) | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-রাঙ্গামাটি মহাসড়কের পাশে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইটস্ এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প, |
| (২১) | চট্টগ্রাম বন্দরনগরীর হালিশহর হাউজিং এষ্টেটে সীমিত আয়ের লোকদের জন্যে আবাসিক ফ্ল্যাট নির্মাণ (২য় পর্যায়), |
| (২২) | মিরপুর ১৫ নং সেকশনে ১৪-তলা বিশিস্ট ১২৫০ বর্গফুট আয়তনের ১০০ টি ফ্ল্যাট নির্মান প্রকল্প, |
| (২৩) | সিলেট জেলার শাহজালাল হাউজিং এষ্টেটে আবাসিক ফ্ল্যাট নির্মাণ, |
| (২৪) | যশোর জেলায় মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্প, |
| (২৫) | ঢাকার মিরপুর ১৫নং সেকশনে সরকারী/ আধাসরকারী কর্মকর্তাদের জন্যে 'জয়নগর' ৫২০ টি আবাসিক ফ্ল্যাট নির্মান, |
| (২৬) | রাজশাহীর ছোট বনগ্রামে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প, |
| (২৭) | ঢাকাস্থ লালমাটিয়া নিউ কলোনীতে সরকারি কর্মকর্তাদের জন্যে ১৩২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প, |
| (২৮) | মিরপুরস্থ ৯ নং সেকশনে মধ্যম আয়ের লোকদের জন্য ১০০০ টি আবাসিক ফ্ল্যাট (স্বপ্ননগর আবাসিক প্রকল্প) নির্মাণ, |
| (২৯) | পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলায় বঙ্গবন্ধু উপ-শহর কাম আবাসিক এলাকা উন্নয়ন; |
| (৩০) | বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প (সংশোধিত); |
| (৩১) | গুলশান বনানী-বারিধারা লেক উন্নয়ন; পূর্বাচল নতুন শহর (ইউসুফগঞ্জ) প্রকল্প; |
| (৩২) | ঝিলমিল আবাসিক প্রকল্প, উত্তরা আদর্শ শহর (৩য় পর্ব) নির্মাণ প্রকল্প; |
| (২৯) | কুড়িল পূর্বাচল লিংক উভয়পার্শ্বে (কুড়িল হতে বালু নদী পর্যন্ত) ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন, |
| (৩০) | ঢাকাস্থ উত্তরার ১৮ নং সেক্টরে নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য এপার্টমেন্ট ভবন নির্মাণ প্রকল্প; |
| (৩১) | মুরাদপুর, ২নং গেইট এবং জিইসি মোড় জংশনে ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, |
| (৩২) | Chittagong City Outer Ring Road নির্মাণ; |
| (৩৩) | খুলনা শিপইয়ার্ড রোড প্রশস্তকরণ ও উন্নয়ন; |
| (৩৪) | নাটোর রোড (রুয়েট) হতে বাইপাস রোড পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ; |
| (৩৫) | কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ। |

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব

**সংলাগ-ক**

## নির্বাহী সার-সংক্ষেপের জন্য তথ্য

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে জিওবি/বৈদেশিক সহায়তায় ৪৩ টি এবং স্ব-অর্থায়নে ৬০টি অর্থাৎ মোট প্রকল্পের সংখ্যা ১০৩ টি। ৪৩ টি জিওবি/বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৯৯৬.৫০ কোটি টাকা। উক্ত ৪৩ টি প্রকল্পের অনুকূলে মোট ব্যয় হয়েছে ৩৯৫৭.৫৫ কোটি টাকা, যা জিওবি/বৈদেশিক সাহায্যপুষ্ট বরাদ্দের ৯৯.০২%। অপরদিকে ৬০টি স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পসূহের অনুকূলে মোট বরাদ্দ ২১৪৭.৪২ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ২২১০.৫১ কোটি টাকা; যা স্ব-অর্থায়নপুষ্ট বরাদ্দের ১০২.৯৩%। জিওবি/বৈদেশিক সহায়তা এবং স্ব-অর্থায়নপুষ্ট মোট ১০৩টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ (৩৯৯৬.৫০+২১৪৭.৪২)= ৬১৪৩.৯২ কোটি টাকা এবং ব্যয় ৬১৬৮.০৬ কোটি টাকা। অর্থাৎ মন্ত্রণালয়ের সার্বিক আর্থিক অগ্রগতি ১০০.৩৯%।

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব

<u>মন্ত্রণালয়/ বিভাগসমূহের বার্ষিক প্রাতিবেদন ছক</u>

মন্ত্রণালয়/বিভাগের নামঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যাঃ ১২ টি

প্রতিবেদনাধীন বছরঃ ২০১৬-২০১৭ প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ০৭ আগস্ট ২০১৭

<u>প্রশাসনিক</u>

ক.১ <u>কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):</u>

| মন্ত্রণালয় | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ১৮৫ | ১২৪ | ৬১ | ০৮ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা) ১২টি | | | | |
| ১। গণপূর্ত অধিদপ্তর | ৭৩৫০ | ৫৯৪২ | ১৪০৮ | ৩৭০২ |
| ২। স্থাপত্য অধিদপ্তর | ২৭৭ | ২৩১ | ৪৬ | ০৩ |
| ৩। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১৯৮০ | ৯৪৬ | ১০৩৪ | - |
| ৪। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ৫২৯ | ৩৪৬ | ১৮৩ | ০৩ |
| ৫। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ৫১৯ | ৩৬৩ | ১৫৬ | - |
| ৬। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | ২৫৯ | ২০৯ | ৫০ | - |
| ৭। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | ১০৫ | ৭১ | ৩৪ | - |
| ৮। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | - | - |
| ৯। নগর উন্নয়ন অধিদপ্তর | ২৪০ | ১৮৪ | ৫৬ | - |
| ১০। সরকারি আবাসন পরিদপ্তর | ৪৬৩ | ৩৯২ | ৭১ | - |
| *১১। এইচ,বি,আর,আই* | *১৫৩* | *১১৩* | *৪০* | - |
| *১২। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর* | *৬০* | *৪৪* | *১৬* | - |
| মোট | ১২,১২০ | ৮,৯৬৫ | ৩,১৫৫ | ৩,৭১৬ |

ক.২ <u>শূণ্য পদের বিন্যাসঃ</u>

| মন্ত্রণালয় | যুগ্মসচিব/ তদূর্ধ পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি,এসপি) | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নেই | নেই | ০৪ | ১১ | ২৩ | ২৩ | ৬১ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট সংখ্যা) ১২টি | | | | | | | |
| ১। গণপূর্ত অধিদপ্তর | - | ০২ | ১৫৩ | ৩১৪ | ৬২৮ | ৩১১ | ১৪০৮ |
| ২। স্থাপত্য অধিদপ্তর | - | - | ২২ | - | ১৯ | ০৫ | ৪৬ |
| ৩। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৫৫ | ২৮৮ | ৩৪২ | ২৪৯ | ১,০৩৪ |
| ৪। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | - | - | ০৭ | ১১ | ১৪৩ | ২২ | ১৮৩ |
| ৫। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৫ | ২২ | ৪২ | ৭৭ | ১৫৬ |
| ৬। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ১৩ | ০৩ | ১৩ | ২১ | ৫০ |
| ৭। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | ০৪ | ০৪ | ১৯ | ০৭ | ৩৪ |
| ৮। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ | - | - | - | - | - | - | - |
| ৯। নগর উন্নয়ন অধিদপ্তর | - | - | ১৫ | - | ৩৬ | ০৫ | ৫৬ |
| ১০। সরকারি আবাসন পরিদপ্তর | - | - | ০৫ | - | ৪৪ | ২২ | ৭১ |
| ১১। এইচ,বি,আর,আই | - | - | ০৯ | ০৬ | ১৯ | ০৬ | ৪০ |
| ১২। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | - | - | ০১ | ০৮ | ০৫ | ০২ | ১৬ |
| মোট | - | ০২ | ৪০৩ | ৬৬৭ | ১৩৩৩ | ৭৫০ | ৩,১৫৫ |

## ক.১.৬.২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

~~অবকাঠামো উন্নয়ন কার্যক্রমের আওতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে জিওবি ও বৈদেশিক সাহায্য অর্থায়নে ৪৩টি প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। আলোচ্য প্রকল্পসমূহের বিপরীতে ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থ ৪,০১৬.৫০ কোটি টাকা। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৩,৯৫৭.৫৫ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক অগ্রগতি ৯৮.৫৩ শতাংশ। এ ছাড়া সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে ৬০টি প্রকল্প বাস্তবায়ন করা হয়। প্রকল্পসমূহের বিপরীতে সংশ্লিষ্ট অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থ ২,১৪৭.৪২ কোটি টাকা। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ২,২১০.৫১ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত আর্থিক অগ্রগতি ১০২.৯৩ শতাংশ। জিওবি ও বৈদেশিক সাহায্যপুষ্ট এবং স্ব-অর্থায়নভুক্ত প্রকল্পসমূহ মিলিয়ে মন্ত্রণালয়ের সার্বিক আর্থিক অগ্রগতি ১০০.০৭ শতাংশ। ২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো হল 'সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য ২০তলা ভবনে ৩,৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৭৬টি ফ্ল্যাট নির্মাণ' ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক 'জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ'।~~

**প্রতিস্থাপন**

## ক.১.৬.২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে জিওবি/বৈদেশিক সহায়তায় ৪৩টি এবং স্ব-অর্থায়নে ৬০টি মোট প্রকল্পের সংখ্যা ১০৩ টি । ৪৩টি জিওবি/বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৯৯৬.৫০ কোটি টাকা। উক্ত ৪৩টি প্রকল্পের অনুকূলে মোট ব্যয় হয়েছে ৩৯৫৭.৫৫ কোটি টাকা, যা জিওবি/বৈদেশিক সাহায্যপুষ্ট বরাদ্দের ৯৯.০২%। অপরদিকে ৬০টি স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পসূহের অনুকূলে মোট বরাদ্দ ২১৪৭.৪২ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ২২১০.৫১ কোটি টাকা; যা স্ব-অর্থায়নপুষ্ট বরাদ্দের ১০২.৯৩%। জিওবি/বৈদেশিক সহায়তা এবং স্ব-অর্থায়নপুষ্ট মোট ১০৩টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ (৩৯৯৬.৫০+২১৪৭.৪২)= ৬১৪৩.৯২ কোটি টাকা এবং ব্যয় ৬১৬৮.০৬ কোটি টাকা। মন্ত্রণালয়ের সার্বিক আর্থিক অগ্রগতি ১০০.৩৯%।

**(পৃষ্ঠা ৬১, ৬২, ৬৩)**

## ৯। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

~~(১) ঢাকার বেইলি রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য ৫,৯৭৬ বর্গফুট আয়তন বিশিষ্ট ১০টি ফ্ল্যাটনির্মাণ এবং ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব, সচিব ও গ্রেড ১ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য ৩,৪৫০ বর্গফুটের ১১৪টি ফ্ল্যাট নির্মাণ কাজ চলমান রাখা হয়। সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য ২০তলা ভবনে ৩,৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৭৬টি ফ্ল্যাট নির্মাণ ও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের কাজ জুন ২০১৭ এ সমাপ্ত হয়।~~

## প্রতিস্থাপন

**ঢাকার বেইলী রোডে মাননীয় মন্ত্রীবর্গের জন্য ৫৯৭৬ বর্গফুট বিশিষ্ট ১০টি ফ্ল্যাট নির্মাণ এবং ঢাকার ইস্কাটনে সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ পদমর্যাদার কর্মকর্তাদের জন্য ৩৪৫০ বর্গফুটের ১১৪টি ফ্ল্যাট নির্মাণ কাজ চলমান আছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক "সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য ২০তলা ভবনে ৩,৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৭৬টি ফ্ল্যাট নির্মাণ" ও "জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ" শীর্ষক প্রকল্পের কাজ জুন, ২০১৭-এ সমাপ্ত হয়েছে।**



চিত্র: সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য নির্মিত ফ্ল্যাটের শুভ উদ্বোধন




চিত্র: জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাটের শুভ উদ্বোধন




চিত্র: জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শেরেবাংলা নগরে ৪৪৮টি ফ্ল্যাটের শুভ উদ্বোধন



চিত্র: ঢাকার মোহাম্মদপুরে 'এফ' ব্লকে ফ্ল্যাট প্রকল্প

~~(২) ঢাকা শহরে কর্মরত সরকারি কর্মকর্তা কর্মচারীদের আবাসন সংকট নিরসনে গণপূর্ত অধিদপ্তর ঢাকার আজিমপুর সরকারি কলোনী, মতিঝিল সরকারি কলোনী, ঢাকার মিরপুর ৬ নম্বর সেকশন, মিরপুর পাইকপাড়া, মালিবাগ, ইস্কাটন ও নারায়ণগঞ্জের আলীনগরে ১২টি প্রকল্পের আওতায় ৫,২৮৬টি ফ্ল্যাট নির্মাণ কার্যক্রম গ্রহণ করা হয়।~~

## প্রতিস্থাপন

ঢাকা শহরে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারিদের আবাসন সংকট নিরসনে গণপূর্ত অধিদপ্তর ঢাকার আজিমপুর সরকারি কলোনি, মতিঝিল সরকারি কলোনি, ঢাকার মিরপুর ৬ নম্বর সেকশন, মিরপুর পাইকপাড়া, মালিবাগ, ইস্কাটন ও নারায়ণগঞ্জের আলীগঞ্জে ১৪টি প্রকল্পের আওতায় ৫২৯০ (পাঁচ হাজার দুইশত নব্বই)টি ফ্ল্যাট নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। যার মধ্যে গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যক্ত বাড়িতে ৩৯৮টি ফ্ল্যাট এবং চট্টগ্রাম শহরে ১৫টি পরিত্যক্ত বাড়ীতে বাস্তবায়নাধীন প্রকল্পে ৫৭৬টি আবাসিক ফ্ল্যাট নির্মাণের পাশাপাশি ৬৪টি ডরমেটরি রয়েছে।

(৩) ~~স্বল্প ও মধ্য আয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যার সমাধানকল্পে উত্তরা তৃতীয় পর্বে ১৮ নম্বর সেক্টরে এপার্টমেন্ট প্রকল্পের আওতায় ২১০.৯৩ একর জমিতে ‘এ’ ব্লকে বিভিন্ন আয়তনের ৬,৬৩৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলমান রাখা হয়। ‘বি’ ও ‘সি’ ব্লকে ৮,৪০০টি এপার্টমেন্ট নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়।~~

## প্রতিস্থাপন

স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর আবাসন সমস্যার সমাধানকল্পে উত্তরা তৃতীয় পর্বের ১৮ নম্বর সেক্টরে এপার্টমেন্ট প্রকল্পের আওতায় ২১০.৯৩ একর জমিতে ‘এ’ ব্লকে বিভিন্ন আয়তনের ৬৬৩৬টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে। ‘বি’ ও ‘সি’ ব্লকে ৮৪০০টি এপার্টমেন্ট নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

~~(৪) রাজউকের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন পূর্বাচল নতুন শহর, উত্তরা তৃতীয় পর্ব এবং ঝিলমিল প্রকল্পে বরাদ্দগ্রহীতাদের মধ্যে এ পর্যন্ত প্রায় ২২ হাজার প্লট হস্তান্তর করা হয়। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ৪১টি প্রকল্পের মাধ্যমে ঢাকা, চট্টগ্রাম মহানগরীসহ সারাদেশে আবাসিক প্লট ও ফ্ল্যাট উন্নয়ন ও নির্মানের কাজ অব্যাহত রাখা হয়। চট্টগ্রাম মহানগরীতে অনন্যা আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় ১,৭৩৩টি প্লট নির্মাণ কাজ সমাপ্তির পর্যায়ে। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক খুলনা ও রাজশাহীতে ১ হাজার ১৫৯টি আবাসিক প্লটের উন্নয়ন কাজ বাস্তবায়ন চলমান।~~

## প্রতিস্থাপন

রাজউকের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন পূর্বাচল নতুন শহর, উত্তরা তৃতীয় পর্ব এবং ঝিলমিল প্রকল্পে বরাদ্দগ্রহীতাদের মধ্যে এ পর্যন্ত প্রায় ২২ হাজার প্লট হস্তান্তর করা হয়েছে। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ “বনলতা বানিজ্যিক এলাকা সম্প্রসারণ ও উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় ২৬৯টি প্লট উন্নয়নের কাজ সমাপ্ত করেছে।

~~(৫) ঢাকার মোহাম্মদপুর স্যার সৈয়দ রোডে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ১৪/৩৫ নম্বর পরিত্যক্ত বাড়িতে সরকারি কর্মকর্তাদের জন্য আবাসিক ফ্ল্যাট এবং ১৩/৬ পরিত্যক্ত বাড়িতে ১,৫০০ বর্গফুটের ২৮টি ফ্ল্যাট নির্মাণ করা হয়।~~

~~(৬) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) পূর্বাচল নতুন শহর প্রকল্পের আওতায় প্রায় ১৩ কিলোমিটার দীর্ঘ পূর্বাচল সংযোগ সড়ক নির্মাণ করে। রাজউক ঢাকার সৌন্দর্যবর্ধন, জলাবদ্ধতা নিরসন, পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়নে বেগুনবাড়ি খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্পের আওতায় ৮.৮ কিলোমিটার সার্ভিস সড়ক, ৮ কিলোমিটার এক্সপ্রেসওয়ে, ৯.৮০ কিলোমিটার ওয়াকওয়ে, ৪৭৭.২৫ মিটার দীর্ঘ ৪টি ব্রিজ, ৪০০ মিটার দীর্ঘ ৪টি ওভারপাস, ১০.৪০ কিলোমিটার মেইন ডাইভারশন স্যুয়ারেজ লাইন ও ৭.৭০ কিলোমিটার লোকাল ডাইভারশন স্যুয়ারেজ লাইন নির্মাণ করে।~~

## প্রতিস্থাপন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) পূর্বাচল নতুন শহর প্রকল্পের আওতায় কুড়িল ফ্লাইওভার হতে কাঞ্চন পর্যন্ত প্রায় ১৩.৩০ কিলোমিটার (আট লেন) দীর্ঘ পূর্বাচল সংযোগ সড়ক নির্মাণ সম্পন্ন করেছে। রাজউক হাতিরঝিল প্রকল্পের আওতায় এম্পিথিয়েটার ও মিউজিক্যাল ওয়াটার ড্যান্সিং ফাউন্ডেইন নির্মাণ কাজ সম্পন্ন করেছে। এছাড়াও প্রকল্পের আওতায় নর্থ ইউলুপ, ১০ তলা ম্যানেজমেন্ট ইউনিট ভবন ও পান্থপথ বক্স কালভার্ট এর Upstream এ Separation of Storm and Sanitary Sewer Pipe Line নির্মানের কাজ চলমান রয়েছে।

~~(৭) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) চট্টগ্রাম মহানগরীর যানজট নিরসনকল্পে অক্সিজেন থেকে কোয়াইশ পর্যন্ত ৬.০০ কিলোমিটার সড়ক উন্নয়ন কাজ সম্পন্ন করে। চউক ১৫.২০ কিলোমিটার দীর্ঘ চট্টগ্রাম সিটি আউটার রিং রোড, ৬.০০ কিলোমিটার দীর্ঘ লুপ রোড, মুরাদপুর ২নং গেইট ও জিইসি জংশনে ৫.২০ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণ করছে। চট্টগ্রাম মহানগরীর যানজট সমস্যা নিরসনে বারেক বিল্ডিং হতে কাফগড় পর্যন্ত ৮.৫ কিলোমিটার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়।~~

## প্রতিস্থাপন

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ১৫.২০ কিলোমিটার দীর্ঘ চট্টগ্রাম সিটি আউটার রিং রোড, ৬.০০ কিলোমিটার দীর্ঘ লুপ রোড, মুরাদপুর ২নং গেইট ও জিইসি জংশনে ৬.৮০ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মানের কাজ চলমান রয়েছে। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ চট্টগ্রাম মহানগরীর যানজট সমস্যা নিরসনে লালখান বাজার হতে শাহ আমানত বিমানবন্দর পর্যন্ত ১৬.৫০ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে।

~~(৮) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ খুলনা যশোর মহাসড়ক ও সিটি বাইপাস সড়কের মধ্যে ২টি সংযোগ সড়কের আওতায় ৩.২৭ কিলোমিটার রাস্তা নির্মাণ করে এবং খুলনা শিপইয়ার্ড রাস্তা প্রশস্ত ও উন্নয়ন কাজ বাস্তাবয়ন করেছে।~~

## প্রতিস্থাপন

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ শিরোমনি শিল্প এলাকার সড়ক পুন:নির্মান এবং খুলনা শিপইয়ার্ড রাস্তা প্রশস্ত ও উন্নয়ন কাজ শীর্ষক প্রকল্পসমূহের কাজ বাস্তবায়ন করছে। এছাড়াও আহসানাবাদ আবাসিক এলাকা উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে।

~~(৯) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের কোর্ট এলাকা থেকে রাজশাহী বাইপাস পর্যন্ত এবং নাটোর রোড (রুয়েট) থেকে বাইপাস পর্যন্ত ৪ লেনবিশিষ্ট ৭.২৫ কিলোমিটার রাস্তার প্রশস্তকরণ কাজ শেষ পর্যায়ে রয়েছে।~~

## প্রতিস্থাপন

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক কোর্ট এলাকা থেকে রাজশাহী বাইপাস পর্যন্ত এবং নাটোর রোড (রুয়েট) থেকে বাইপাস পর্যন্ত ৪ লেন বিশিষ্ট ৭.২৫ কিলোমিটার রাস্তার প্রশস্তকরণ কাজ শেষ পর্যায়ে রয়েছে।

~~(১০) প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ, পানিধারণ ক্ষমতা বৃদ্ধি এবং অবৈধ দখল মুক্ত করে সৌন্দর্যবর্ধন ও বিনোদনমূলক কর্মকান্ডের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গুলশান বনানী বারিধারা লেকে এবং উত্তরা লেকের উন্নয়ন কাজ চলমান রাখা হয়। কুড়িল পূর্বাচল লিংরোডের উভয় পার্শ্বে কুড়িল থেকে বালুনদী পর্যন্ত ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিকুঞ্জ, বারিধারা, জোয়ারসাহারা, ডিওএইচএস, সেনানিবাস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কালাচাঁদপুর ও সংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনসহ ঢাকা মহানগরীর Water body and Land ratio ঠিক রেখে পানি সংরক্ষণ ও গ্রাউন্ডওয়াটার রিচার্জিং ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়।~~

## প্রতিস্থাপন

প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ, পানিধারণ ক্ষমতা বৃদ্ধি এবং অবৈধ দখল মুক্ত করে সৌন্দর্যবর্ধন ও বিনোদনমূলক কর্মকান্ডের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গুলশান-বনানী-বারিধারা লেক এবং উত্তরা লেকের উন্নয়ন কাজ চলমান রয়েছে। কুড়িল-পূর্বাচল লিংকরোডের উভয় পার্শ্বে কুড়িল থেকে বালুনদী পর্যন্ত ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে নিকুঞ্জ, বারিধারা, জোয়ারসাহারা, ডিওএইচএস, সেনানিবাস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কালাচাঁদপুর ও সংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসনসহ পানি সংরক্ষণ ও গ্রাউন্ডওয়াটার রিচার্জিং ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

~~(১১) নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়নের ময়মনসিংহ শহর ও সংলগ্ন এলাকা এবং দেশের ১৪টি উপজেলার মহাপরিকল্পনা প্রণয়ন সমাপ্তির পথে। বেনাপল যশোর পর্যন্ত হাইওয়ে করিডোর এলাকার এ্যাকশন এরিয়া প্ল্যানের কাজ চলমান রাখা হয়। এ ছাড়া কম্প্রিহেনসিভ ডেভেলপমেন্ট প্ল্যান অব দি হোল কান্ট্রি এবং রংপুর ও কুষ্টিয়া এলাকার মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়।~~

**প্রতিস্থাপন**

ময়মনসিংহ শহর ও সংলগ্ন এলাকা এবং দেশের ১৪টি উপজেলার মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম সমাপ্তির পথে রয়েছে। বেনাপল-যশোর হাইওয়ে করিডোর এলাকার এ্যাকশন এরিয়া প্ল্যানের কাজ সমাপ্ত হয়েছে। কুষ্টিয়া এলাকার মহাপরিকল্পনা প্রণয়নের কাজ চলমান রয়েছে। এছাড়াও কম্প্রিহেনসিভ ডেভেলপমেন্ট প্ল্যান অব দি হোল কন্ট্রি এবং রংপুর এলাকার মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

~~(১২) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক শান্তিনগর থেকে চতুর্থ বুড়িগঙ্গা ব্রিজ হয়ে ঢাকা মাওয়া রোডে ঝিলমিল আবাসিক প্রকল্প পর্যন্ত ১৩.৩২ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মিরপুর ৯ নম্বর সেকশনে স্যাটেলাইট টাউন নির্মাণ, চট্টগ্রামের জিইসি মোড়ে বহুতল ভবন (বাণিজ্যিক, আবাসিক ও অফিস) নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে। রাজউক পূর্বাচল নতুন শহর প্রকল্পের পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও ড্রেনেজ ব্যবস্থা বাস্তবায়ন, ঝিলমিল আবাসিক প্রকল্পে বহুতল আবাসিক ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পসমূহ পিপিপি'র আওতায় বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।~~

**প্রতিস্থাপন**

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক শান্তিনগর থেকে চতুর্থ বুড়িগঙ্গা ব্রিজ হয়ে ঢাকা মাওয়া রোডে ঝিলমিল আবাসিক প্রকল্প পর্যন্ত ১৩.৩২ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণ প্রকল্প অনুমোদনের পর্যায়ে রয়েছে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক মিরপুর ৯ নম্বর সেকশনে স্যাটেলাইট টাউন নির্মাণ, চট্টগ্রামের জিইসি মোড়ে বহুতল ভবন (বানিজ্যিক, আবাসিক ও অফিস) নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রাজউক পূর্বাচল নতুন শহর প্রকল্পের পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ও ড্রেনেজ ব্যবস্থা বাস্তবায়ন, ঝিলমিল আবাসিক প্রকল্পে বহুতল আবাসিক ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পসমূহ পিপিপি'র আওতায় বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

~~(১৩) পরিবেশ বান্ধব, নিরাপদ ও ঝুঁকিমুক্ত ইমারত নির্মাণের লক্ষ্যে Bangladesh National Building Code সংশোধনপূর্বক যুগোপযোগীকরণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। পরিবেশবান্ধব ও লাগসই প্রযুক্তি আবিষ্কারের জন্য গ্রামীণ গৃহায়নে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহার, ইটের বিকল্প উদ্ভাবন এবং প্রাকৃতিক দুর্যোগ সহনীয় বাড়ি নির্মাণ প্রযুক্তির বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রাখা হয়।~~

**প্রতিস্থাপন**

পরিবেশ বান্ধব, নিরাপদ ও ঝুঁকিমুক্ত ইমারত নির্মাণের লক্ষ্যে Bangladesh National Building Code সংশোধনপূর্বক যুগোপযোগীকরণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। পরিবেশবান্ধব ও লাগসই প্রযুক্তি আবিষ্কারের জন্য গ্রামীণ গৃহায়নে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহারে ইটের বিকল্প উদ্ভাবন এবং প্রাকৃতিক দুর্যোগ সহনীয় বাড়ি নির্মাণ প্রযুক্তির বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(১৪) ~~ডিপ্লোমা প্রকৌশলীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও গবেষণা সক্ষমতা বৃদ্ধিসহ আইডিইবি ভবন কমপ্লেক্সের উপযোগিতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পটির কাজ সমাপ্ত হয়। অনলাইনভিত্তিক সেবার মান বৃদ্ধির মাধ্যমে জনগণের নিকট সহজে সেবা পৌঁছানোর জন্য ডিজিটাল আর্কাইভস এ্যান্ড ম্যানেজম্যান্ট সফটওয়্যার নির্মাণ প্রকল্পের কাজ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাপ্ত হয়।~~

**প্রতিস্থাপন**

২০১৬-১৭ অর্থবছরে মন্ত্রণালয়ের আওতায় ২৪টি প্রকল্প সমাপ্ত হয়েছে। তন্মধ্যে ০৮টি সরকারি অর্থায়নে ও ১৬টি স্ব-অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে আবাসন, রাস্তা সম্প্রসারণ, মহাপরিকল্পনা প্রণয়ন ও গবেষনাধর্মী প্রভৃতি সংক্রান্ত প্রকল্প রয়েছে।

উল্লেখযোগ্য কার্যাবলীর ১২নং ক্রমিকের পর ১৩ নম্বর ক্রমিকে নিম্নোক্ত তথ্য অন্তর্ভুক্ত হবে:

"(১৩) গণপূর্ত অধিদপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িতব্য/বাস্তবায়নাধীন বিভিন্ন আবাসিক প্রকল্পে Sewerage Treatment Plant (STP), Rain Water Harvesting, Solar Panel নির্মাণের ব্যবস্থা নেয়া হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের ৪টি, জাতীয় গৃহায়ন কর্তৃপকক্ষের ১টি এবং রাজউকের ১টি প্রকল্পে STP নির্মাণের কাজ চলমান রয়েছে।"